



বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

www.bb.org.bd

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

২১ ফাল্গুন ১৪৩০

তারিখ: _____

০৫ মার্চ ২০২৪

ডিএফআইএম সার্কুলার লেটার নং-০৮

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল ফাইন্যান্স কোম্পানি।

প্রিয় মহোদয়,

আমানত ও ঋণ/লিজ/বিনিয়োগের সুদ/মুনাফার হার প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে ডিএফআইএম সার্কুলার নং-০৭, তারিখ: ২০ জুন ২০২৩, ডিএফআইএম সার্কুলার লেটার নং-২১, তারিখ: ০৮ অক্টোবর ২০২৩ এবং ডিএফআইএম সার্কুলার লেটার নং-২৫, তারিখ: ২৯ নভেম্বর ২০২৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- বিদ্যমান আর্থিক নীতি হার সমূহ বিবেচনায় ফাইন্যান্স কোম্পানিসমূহের আমানত ও ঋণের সুদ/মুনাফার হার নিম্নোক্তভাবে নিরূপিত হবে—
 - আমানতের সুদ/মুনাফার সর্বোচ্চ হার হবে SMART+২.৫০%; এবং
 - ঋণ/লিজ/বিনিয়োগের সুদ/মুনাফার সর্বোচ্চ হার হবে SMART+৫.৫০%।
- এ সার্কুলার লেটার জারির পর হতে নতুনভাবে আহরিত আমানত ও বিতরণকৃত ঋণের ক্ষেত্রে উপরোক্ত ২নং অনুচ্ছেদের নির্দেশনা প্রযোজ্য হবে। এতদ্ব্যতীত, ডিএফআইএম সার্কুলার নং-০৭/২০২৩ এর অন্যান্য সকল নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

ফাইন্যান্স কোম্পানি আইন, ২০২৩ এর ৪১(২)(ঘ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ আসাদুজ্জামান খান)

পরিচালক (ডিএফআইএম)

ফোনঃ ৯৫৩০১৭৮।